

ছায়া আসলীর বর্ণনা

হযরত মাওলানা কাজী ছানাউলাহু পানিপতী (রহঃ) এর লিখিত মা-লা-বুদ্দা মিন্হু হতে সংগৃহীত।

প্রত্যেক লম্বা জিনিসের সপ্তাংশকে এক কদম বলে। অর্থাৎ একটি কাঠি যদি ৭ হাত লম্বা হয় তা হলে এক হাতে এক কদম হবে। শ্রাবণ মাসে ছায়া আসলী $১\frac{১}{২}$ কদম হয়। এরপর ৩ মাস পর্যন্ত প্রতি মাসে এক কদম করে ছায়া আসলী বৃদ্ধি হয়। অর্থাৎ ভাদ্র মাসে $২\frac{১}{২}$ কদম, আশ্বিন মাসে $৩\frac{১}{২}$ কদম, কার্তিক মাসে $৪\frac{১}{২}$ কদম। অতঃপর ৩ মাস পর্যন্ত প্রতি মাসে ২ কদম করে ছায়া আসলী বৃদ্ধি হয়। অর্থাৎ অগ্রহায়ণ মাসে $৬\frac{১}{২}$ কদম, পৌষ মাসে $৮\frac{১}{২}$ কদম, মাঘ মাসে $১০\frac{১}{২}$ কদম হয়। এটাই সর্বোচ্চ। তারপর ৩ মাস পর্যন্ত প্রতি মাসে ২ কদম করে কমতে থাকে। অর্থাৎ ফাল্গুন মাসে $৮\frac{১}{২}$ কদম, চৈত্র মাসে $৬\frac{১}{২}$ কদম, বৈশাখ মাসে $৪\frac{১}{২}$ কদম হয়। অতঃপর ৩ মাস পর্যন্ত প্রতি মাসে ১ কদম করে কমতে থাকে। অর্থাৎ জ্যৈষ্ঠ মাসে $৩\frac{১}{২}$ কদম, আষাঢ় মাসে $২\frac{১}{২}$ কদম, শ্রাবণ মাসে $১\frac{১}{২}$ কদম হয়। এটাই সর্বনিম্ন।

ফলাফলের বিবরণঃ

১। শ্রাবণ মাসে = $১\frac{১}{২}$

২। ভাদ্র + আষাঢ় মাসে = $২\frac{১}{২}$

৩। আশ্বিন + জ্যৈষ্ঠ মাসে = $৩\frac{১}{২}$

৪। কার্তিক + বৈশাখ মাসে = $৪\frac{১}{২}$

৫। অগ্রহায়ণ + চৈত্র মাসে = $৬\frac{১}{২}$

৬। পৌষ + ফাল্গুন মাসে = $৮\frac{১}{২}$

৭। মাঘ মাসে = $১০\frac{১}{২}$

